১৫ দৈনিক বাংলা

তারিখ ... ২।৮।৮২ ...
পৃষ্ঠা ... ২ কলাম ২ ...

099

# সার্টিফিকেট ও ভর্তি বাতিল

(স্টাফ রিপোর্টার)

অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রবীন্দ্রনাথ অধিকারীর বিএ (সম্মান) পরীক্ষার পাস সার্টিফিকেট, মার্কস সার্টিফিকেট ও প্রশংসাপত্র বাতিল করে দিয়েছে। এই সাথে ১৯৭৪-৭৫ শিক্ষাবর্ষে বাংলা প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে তার ভর্তিও বাতিল করা হয়েছে।

সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়ে বলা হয় যে যেহেতু তিনি প্রতারণার মাধ্যমে উক্ত শ্রেণীতে ভর্তি হয়ে ১৯৭৭ সালের বিএ (সম্মান) পরীক্ষা পাস করেছিলেন সেহেতু তার ভর্তি বাতিল এবং

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ভর্তি বাতিল

(১-এর পৃঃ পর)

এতদসংক্রান্ত বিশ্ববিদ্যালয়ের দেয়া সমুদয় সার্টিফিকেট বাতিল করা হলো। এই সাথে তার এমএ ফাইনাল পরীক্ষাও বাতিল করা হয়েছে।

একই সংবাদ বিজ্ঞপ্তিতে ১৯৭৭-৭৮ শিক্ষাবর্ষে সমাজ বিজ্ঞান বিভাগের বিএসএস (সম্মান) শ্রেণীর ছাত্র সৈয়দ মুহাম্মদ আবু তাহেরের ভর্তি পরীক্ষা এবং তার সম্মান পরীক্ষাও বাতিল করা হয়েছে বলে উল্লেখ করা হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বানানো মার্কশীট ব্যবহার করে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার বিরুদ্ধে এই শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে।

উল্লেখযোগ্য যে, গত ২৩শে এপ্রিল দৈনিক বাংলায় এইচএসসি পাস না করেই অনার্স পাস: ঢাকা বিশ্ববিদ্যালয়ের- আড়াই শ ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল শীর্ষক একটি প্রতিবেদন ছাপা হয়েছিল। এই প্রতিবেদনে রবীন্দ্রনাথ অধিকারী ও সৈয়দ মুহাম্মদ আবু তাহের জাল মার্কশীট দেখিয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছিল বলে উল্লেখ করা হয়।